

(প্রেস বিজ্ঞপ্তি)

১২ আগস্ট ২০২২ খ্রি.

শহীদ মৌলভী সৈয়দ আহমদের মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে স্মরণসভায় সিটি মেয়র
এই মহৎ ব্যক্তির গৌরবগাঁথা ইতিহাস বর্তমান প্রজন্মের নিকট তুলে ধরে
তাঁর আদর্শে অনুপ্রাণিত হয়ে দেশের উন্নয়নে অবদান রাখতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, বঙ্গবন্ধু হত্যার প্রতিবাদকারী মুক্তিযুদ্ধে চট্টগ্রাম গেরিলা বাহিনীর প্রধান মৌলভী সৈয়দ আহমদ একজন বীরের নাম। তিনি ছিলেন প্রকৃত রাজনীতিবিদের প্রতিচ্ছবি। সমাজ সভ্যতায় সময়ের প্রয়োজনে ইতিবাচক কাজ করে শ্রদ্ধা ও সম্মানের আসনে উঠে আসেন কিছু মানুষ, মৌলভী সৈয়দ আহমদ তাঁদের মধ্যে অন্যতম। প্রগতিশীল রাজনীতির একজন কর্মী থেকে বাঙ্গালী জাতীয়তাবাদী সংগ্রাম ও মুক্তিযুদ্ধে প্রত্যক্ষ ভূমিকা রেখে দীর্ঘ রাজনৈতিক প্রক্রিয়ায় তিনি গণ মানুষের নেতা হয়ে উঠেন। রাজনীতিতে তিনি সখ্যতা ও সম্পর্ক গড়ে তুলেন তৃণমূলের মানুষের সাথে। মেয়র বলেন, মৌলভী সৈয়দ আহমদ ছিলেন রাজনীতিবিদ ও সাধারণ মানুষের মাঝে একে অপরের পরিপূরক। বর্তমান প্রজন্মের কাছে তিনি এখন অচেনা এক ব্যক্তি। এই মহৎ ব্যক্তি ও বীর মুক্তিযোদ্ধার গৌরবগাঁথা ইতিহাস বর্তমান প্রজন্মের নিকট তুলে ধরতে হবে। তিনি নতুন প্রজন্মকে তাঁর আদর্শে অনুপ্রাণিত হয়ে দেশের উন্নয়নে অবদান রাখার আহ্বান জানান। আজ শুক্রবার বিকেলে নগরীর দেওয়ানহাটস্থ ভান্ডার মার্কেটে শহীদ মৌলভী সৈয়দ আহমদের ৪৫তম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে শহীদ মৌলভী সৈয়দ আহমদ স্মৃতি সংসদ কেন্দ্রীয় কমিটির উদ্যোগে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

শহীদ মৌলভী সৈয়দ আহমদ স্মৃতি সংসদের সভাপতি মো. আকরাম হোসেন সবুজের সভাপতিত্বে ও শাহ আলমের সঞ্চালনায় আলোচনা সভায় প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ আওয়ামী যুবলীগ কেন্দ্রীয় কমিটির সাবেক প্রেসিডিয়াম সদস্য ও চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের সাবেক ত্রাণ ও সমাজকল্যাণ সম্পাদক সৈয়দ মাহমুদুল হক। অন্যান্যদের মধ্যে আরো বক্তব্য রাখেন-মুক্তিযোদ্ধা আবদুর রাজ্জাক, আব্দুল লতিফ, চট্টগ্রাম মহানগর যুবলীগের সাবেক আহ্বায়ক মহিউদ্দিন বাচ্চু, উত্তর আখ্ৰাবাদ ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি সৈয়দ মোহাম্মদ জাকারিয়া, সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম, কাউন্সিলর নাজমুল হক ডিউক, চট্টগ্রাম মহানগর আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ সভাপতি দেবশীষ নাথ দেবু, চট্টগ্রাম মহানগর যুবলীগের সাবেক সদস্য সনাৎ বড়ুয়া, নঈম উদ্দিন খান, চেমন আরা, জেবুন্নাহার প্রমুখ।

মেয়র আরও বলেন, মৌলভী সৈয়দ আহমদ আমাদের মহান মুক্তিযুদ্ধে ইতিহাসের অমলিন এক অধ্যায়। মহান মুক্তিযুদ্ধে চট্টগ্রাম শহর রণাঙ্গনে মৌলভী সৈয়দ আহমদের অবদানের কথা বলে শেষ করা যাবেনা। তিনি চট্টগ্রাম শহরে চারশতটি ছোট-বড় গেরিলা অপারেশনে অংশগ্রহণ করেন। তিনি বলেন, ১৯৭৫ সালের ১৫ আগস্ট ঘাতকগোষ্ঠী বঙ্গবন্ধুকে স্বপরিবারে নির্মমভাবে হত্যার পর মৌলভী সৈয়দ স্তম্ভিত হননি বরং বাঘের মতন গর্জে উঠে জাতির জনকের নির্মম হত্যাকাণ্ডের প্রতিবাদ জানাতে পুনরায় হাতে অস্ত্র তুলে নিয়েছিলেন। তৎকালীন জিয়া সরকারের দোষরূপা ১৯৭৭ সালের ১১ আগস্ট বীর মুক্তিযোদ্ধা শহীদ মৌলভী সৈয়দ আহমদকে নির্মম নির্যাতন করে হত্যা করেন। মেয়র শহীদ মৌলভী সৈয়দের আদর্শ অনুসরণে রাজনীতিতে ত্যাগী কর্মীদের সমাবেশ ঘটিয়ে দেশ, মাটি ও মানুষকে ভালবেসে দেশবিরোধী ষড়যন্ত্রকারী সন্ত্রাসবাদ, মৌলবাদ ও জঙ্গীবাদ প্রতিরোধে প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা প্রতিষ্ঠায় সকলকে এগিয়ে আসার আহ্বান জানান।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩